মার্কিন বার্তা
AMERICAN CENTER 38-A, Jawaharlal Nehru Road, Calcutta 700 071
Tel: 2288-1200 (7 Lines) Fax: 033-2288-1616/9460 E-mail: pacal@state.gov
Public Affairs Office of the U.S. Consulate General Calcutta

**বিশেষ সংবাদ** ১৯ জুন ২০০৮

# প্রসঙ্গ জলঃ মার্কিন কনসুলেট তুলে ধরল উন্নত প্রযুক্তি

কলকাতা -- আমেরিকান কনসুলেটের মার্কিন বাণিজ্য পরিষেবা সংস্থা ইন্দো-আমেরিকান চেম্বার অব কমার্সের সহযোগিতায় ১৯ জুন এই প্রথম কলকাতায় জল নিয়ে মার্কিন প্রযুক্তি, ‘শো-কেস ইউ. এস.’-এর আয়োজন করল। পাঁচটি মার্কিন কোম্পানি -- ডাও ওয়াটার সলিউশনস, নালকো, সনটেক/ওয়াইএসআই, সারটেনটিড করপোরেশন ও ক্লিয়ারবুক ওয়াটার ফিল্টারস -- এদিন নির্বাচিত কিছু আমন্ত্রিত ব্যক্তির সামনে তাদের প্রযুক্তির উপযোগিতা ব্যাখ্যা করে। বাণিজ্যের যে সব সম্ভাবনাময় ক্ষেত্র গুরুত্বপূর্ণ বলে চিহ্নিত হয়েছে সেগুলি হল, ডাও-উদ্ভাবিত জল পরিশোধন প্রযুক্তি, নালকোর তৈরি জল পরিশোধনের রাসায়নিক ও সরঞ্জাম, সনটেক/ওয়াইএসআই-এর তৈরি কিছু যন্ত্র, সারটেনটিডের তৈরি বিশেষ ধরনের পাইপ এবং ক্লিয়ারবুকের তৈরি বহনযোগ্য ওয়াটার ফিল্টার। বেঙ্গল ক্লাবে আয়োজিত এই অনুষ্ঠানে স্বাগত ভাষণ দেন মার্কিন কনসাল জেনারেল হেনরি জার্ডিন।

যে কোনও শিল্পের জন্য জল এক বিশেষ গুরুত্বপূর্ণ সম্পদ আর স্বাস্থ্যোজ্জ্বল জনগণের প্রাক্-শর্তই হল বিশুদ্ধ পাণীয় জল। ভারতের সীমিত জল-সম্পদ ক্রমেই হ্রাস পাচ্ছে আর তার সঙ্গে পাল্লা দিয়ে বাড়ছে জলের চাহিদা। একটি হিসাব অনুযায়ী ২০২৫ সালের মধ্যে ভারত জুড়ে তীব্র জল সঙ্কট দেখা দেবে। ওই সময় মাথা পিছু প্রাপ্য জলের পরিমাণ আন্তর্জাতিক মানের অনেক নীচে নেমে যাবে।

নিরাপদ পাণীয় জল আইন ও পরিস্রুত জল আইনের হাত ধরে আমেরিকায় জল পরিশোধন প্রযুক্তির বাজার গড়ে ওঠে ১৯৭০-এর দশকে। উন্নত প্রযুক্তি-নির্ভর জল পুনর্ব্যবহার পদ্ধতির বাজারের বহর প্রায় ৭০ কোটি ডলার। ১৯৯৬ থেকে শুরু করে মার্কিন যুক্তরাষ্ট্রের বিভিন্ন রাজ্য সম্মিলিত ভাবে প্রায় সাড়ে ৯০০ কোটি ডলার বিনিয়োগ করেছে পানীয় জলের মানোন্নয়নে। পানীয় জলের উন্নত প্রযুক্তির বাজার এই মুহূর্তে প্রায় ১৫০ কোটি ডলার। বিশেষজ্ঞদের অভিমত, ২০১১ সালের মধ্যে এই বাজার বেড়ে দাঁড়াবে ২১০ কোটি ডলারেরও বেশি।

-----------------